দৈনিক খবর

তারিখ 08 OCT 1991
পৃষ্ঠা ৬ কলাম ৬

24

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় কারচুপির অভিযোগে বিক্ষোভ

কুষ্টিয়া, ৭ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে কারচুপির প্রতিবাদে মেধা তালিকায় অপেক্ষমাণ ছাত্র-ছাত্রীরা আজ সকালে ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল বের করে ভিসি অফিস ঘেরাও করে রাখে।

পিটিআই থেকে মিছিল শুরু হয়ে ভিসির অফিস কয়েক ঘন্টা ঘেরাও করে রাখে। এ সময় ভিসির অফিসের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন অহিদুজ্জামান অহিদ, কাজী মুনির আহমেদ, আবদুর রশিদ ও আলমগীর হোসেন।

বক্তারা মেধা তালিকা থেকে ছাত্র-ছাত্রীদের ভর্তি না করে কারচুপির মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি এমন ছাত্র-ছাত্রীকে ভর্তি করার তীব্র প্রতিবাদ জানান, তারা অবিলম্বে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির দাবী করে বলেন, অন্যথায় পরবর্তীতে বৃহৎ কর্মসূচী ঘোষণা করা হবে।